



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeh.gov.bd, E-mail: info@bmeh.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-২৩৩/ ৩০৬/৫

তারিখঃ ২৭/০৫/২০১৮খ্রিঃ

বিষয়ঃ সভাপতি হিসাবে জনাব মোঃ মজিবুর রহমান মাস্টার এর পদ বাতিলকরণ সংক্রান্ত স্মারকের কার্যকারিতা স্থগিতকরণ এবং সরকার পক্ষে মামলা পরিচালনা প্রসঙ্গে।

সূত্রঃ রিট পিটিশন নং- ৪৪৬৫/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলাধীন তিলটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসার অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ মজিবুর রহমান মাস্টার এর পদ বাতিলকরণ সংক্রান্ত এ দপ্তরের নং-বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-২৩৩/২৮৪২/৮; তারিখঃ ০৭/০৩/২০১৮খ্রিঃ স্মারকের বিরুদ্ধে জনাব মোঃ মজিবুর রহমান মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৪৪৬৫/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে উল্লিখিত স্মারকের কার্যক্রমের উপর মহামান্য হাইকোর্ট কর্তৃক স্থগিত আদেশ প্রদান করা হয়েছে। মহামান্য হাইকোর্টের আদেশ বলবৎ থাকাকালীন উল্লিখিত স্মারকের কার্যকারিতা এতদ্বারা স্থগিত করা হলো।

২) রিট মামলাটি বোর্ডের তথা সরকার পক্ষে পরিচালনা ও ত্বরিত নিষ্পত্তির জন্য মাদ্রাসার সুপারকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, মামলা পরিচালনার কোন ব্যয় ভার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বহন করবে না এবং মামলার অগ্রগতির বিষয়ে সময় সময়ে বোর্ডকে অবহিত করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

27.5.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ , তিলটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা
গৌরীপুর, ময়মনসিংহ।

নং- বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-২৩৩/

তারিখঃ /০৫/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২. উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ।
৩. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ।
৫. সভাপতি/সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, তিলটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ।
৬. জনাব মোঃ মজিবুর রহমান (রিট পিটিশন নং- ৪৪৬৫/২০১৮ এর বাদী)
৭. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪